

REGIONAL NEWS UNIT
ALL INDIA RADIO, AGARTALA
Date: 05-02-2026
Time: 07:35-07:40 PM Hrs
BENGALI MORNING BULLETIN

Bharat Taxi:

কেন্দ্রীয় সমবায় মন্ত্রী অমিত শাহ আজ নয়াদিল্লিতে ভারতের প্রথম সমবায়-ভিত্তিক রাইড-হেলিং প্ল্যাটফর্ম 'ভারত ট্যাক্সি' চালু করবেন। দেশের সমবায় ক্ষেত্রে শক্তিশালী করতে এবং অন্তর্ভুক্তিমূলক, নাগরিক-কেন্দ্রিক পরিবহনসমস্যা সমাধানের অভিযাত্রায় তা গুরুত্বপূর্ণ মাইলফলক হবে। সমবায় মন্ত্রক জানিয়েছে যে এই প্ল্যাটফর্মটি 'সারথি' নামে পরিচিত চালকদের মালিকানা, পরিচালনা এবং মূল্য সৃষ্টির কেন্দ্রে রাখবে। চালকদের শোষণমূলক অ্যাগ্রিগেটর-ভিত্তিক মডেল থেকে মুক্তি দেবে। উল্লেখ্য এই প্ল্যাটফর্মটির মাধ্যমে 'বাইক দিদি'-র মতো উদ্যোগ বাস্তবায়িত করা হচ্ছে, যার অধীনে এ পর্যন্ত দেড় শতাধিক নারী চালক ভারত ট্যাক্সিতে যোগ দিয়েছেন।

Yumnam Khemchand Singh sworn in as Chief Minister of Manipur

মণিপূরে রাষ্ট্রপতি শাসন প্রত্যাহার করা হয়েছে এবং বিজেপি বিধায়ক ইউমনাম খেমচাঁদ সিং গতকাল মণিপূরের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেছেন। অনুষ্ঠানে বিজেপি-র নেমচা কিপগেন এবং এনপিএফ-এর লোসিই দিখো উপ-মুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক গতকাল একটি বিজ্ঞপ্তি জারি করে মণিপূরে অবিলম্বে রাষ্ট্রপতি শাসন প্রত্যাহারের কথা ঘোষণা করেছে। ২০২৫ সালের ১৩ই ফেব্রুয়ারি তৎকালীন মুখ্যমন্ত্রী এন. বীরেন সিংয়ের

পদত্যাগের পর রাজ্যে রাষ্ট্রপতি শাসন জারি করা হয়েছিল এবং মার্চ, ২০২৭ পর্যন্ত মেয়াদ থাকা মণিপুর বিধানসভাকে স্থগিত অবস্থায় রাখা হয়েছিল। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি গতকাল মণিপূরের মুখ্যমন্ত্রী হিসেবে শপথ নেওয়ায় ইউমনাম খেমচাঁদ সিংকে অভিনন্দন জানিয়েছেন। সামাজিক মাধ্যমে প্রধানমন্ত্রী নেমচা কিপগেন এবং লোসিই দিখোকেও রাজ্যের উপমুখ্যমন্ত্রী হিসেবে শপথ গ্রহণ করায় অভিনন্দন জানান। তাঁরা মণিপূরের নাগরিকদের আরও উন্নয়ন ও সমৃদ্ধির জন্য নিষ্ঠার সাথে কাজ করবেন বলে প্রধানমন্ত্রী আশা প্রকাশ করেছেন।

CM-Fatikroy :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডাঃ মানিক সাহা বলেছেন, প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর এক্ট ইষ্ট পলিসির জন্য ত্রিপুরা সহ গোটা উত্তর-পূর্বাঞ্চলের দ্রুত বিকাশ সাধিত হচ্ছে। গতকাল ঊনকোটি জেলার সায়দারপাড় পঞ্চায়েতে সায়দারপাড় ও কুমারঘাটের সারদাপল্লীর মধ্যে সংযোগ রক্ষাকারী পাকা সেতুর ভিত্তিপ্রস্তর স্থাপন অনুষ্ঠানে তিনি একথা বলেন। একই দিনে মুখ্যমন্ত্রী ফটিকরায় বিধানসভা কেন্দ্রের অধীন পূর্ব রাতাছড়া পঞ্চায়েতের পি. এম শ্রী হাজিবাড়ি দ্বাদশ শ্রেণি বিদ্যালয়ের নবনির্মিত দ্বি-তল ভবনেরও দ্বারোদঘাটন করেন। এছাড়া ঊনকোটি জেলার ফটিকরায় দ্বাদশ শ্রেণী বিদ্যালয় মাঠে চারদিনব্যাপী ষষ্ঠ মিলন মেলায়ও উদ্বোধন করেন মুখ্যমন্ত্রী।

Critical Minerals -S. Jaishankar :

ভারতের বিদেশমন্ত্রী ড. এস জয়শঙ্কর গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের অত্যধিক ঘনত্বের চ্যালেঞ্জ এবং কাঠামোগত আন্তর্জাতিক সহযোগিতার মাধ্যমে সরবরাহ

শৃঙ্খলকে ঝুঁকিমুক্ত করার উপর জোর দিয়েছেন। গতরাতে ওয়াশিংটন, ডিসিতে মার্কিন পররাষ্ট্রমন্ত্রী মার্কো রুবিও আয়োজিত প্রথম গুরুত্বপূর্ণ খনিজ পদার্থ মন্ত্রী পর্যায়ের ভাষণে ডঃ জয়শঙ্কর জাতীয় গুরুত্বপূর্ণ খনিজ পদার্থ মিশন, বিরল ভূ-অলিন্দ এবং দায়িত্বশীল বাণিজ্য সহ উদ্যোগের মাধ্যমে বৃহত্তর স্থিতিস্থাপকতার দিকে ভারতের প্রয়াসের কথাও তুলে ধরেন। মন্ত্রী পর্যায়ের বৈঠক শুরুর আগে, ডঃ জয়শঙ্কর কানাডার পররাষ্ট্রমন্ত্রী অনিতা আনন্দ এবং সিঙ্গাপুরের ভিভিয়ান বালাকৃষ্ণান সহ বেশ কয়েকটি দেশের সমপর্যায়ের প্রতিনিধির সাথে সাক্ষাত করেন। উল্লেখ্য, মার্কিন যুক্তরাষ্ট্র ওয়াশিংটন ডিসিতে প্রথম গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের ওপর মন্ত্রিস্তরীয় সম্মেলনের আয়োজন করে, যেখানে বিশ্বব্যাপী গুরুত্বপূর্ণ খনিজ পদার্থের সরবরাহ শৃঙ্খল সুরক্ষিত এবং বৈচিত্র্যময় করার জন্য সহযোগিতা এগিয়ে নেওয়ার জন্য ৫০ টিরও বেশি দেশের প্রতিনিধিদল একত্রিত হয়।

Khowai district level Saras Fair:

খোয়াই বইমেলা মাঠে গতকাল তৃতীয় জেলা ভিত্তিক সরস মেলার উদ্বোধন করেছেন রাজ্যের বন ও বিজ্ঞান প্রযুক্তি দপ্তরের মন্ত্রী অনিমেষ দেববর্মা। তিনদিন ব্যাপী এই মেলা হচ্ছে ত্রিপুরা গ্রামীণ জীবিকা মিশনের উদ্যোগে। সরস মেলায় তিনি বলেন, খোয়াই জেলায় স্ব-সহায়ক দল রয়েছে পাঁচ হাজারের উপর। এই জেলার মহিলাদের সশক্তকরণের উদ্দেশ্যেই এই ধরনের মেলার আয়োজন করা হয়েছে। মেলায় স্ব-সহায়ক দলের মহিলারা তাদের উৎপাদিত সামগ্রী বিক্রির উদ্দেশ্যে স্টল নিয়ে বসেছেন। ভারত সরকারের গ্রামীণ উন্নয়ন মন্ত্রকের উদ্যোগে আয়োজিত একটি বিশেষ মেলা, যা গ্রামীণ কারিগর এবং স্বনির্ভর গোষ্ঠীর (SHGs) মহিলাদের দ্বারা তৈরি হস্তশিল্প ও তাঁতজাত পণ্য প্রদর্শনের একটি মঞ্চ।

ODOP Workshop :

কেন্দ্রীয় বানিজ্য মন্ত্রকের অধীন ডিপার্টমেন্ট ফর প্রমোশান অব ইন্ডাস্ট্রি এন্ড ইন্টারনাল ট্রেড বা ডিপিআই আই টির উদ্যোগে এবং পিআই বি - সহযোগিতায় গতকাল আগরতলার হাঁপানিয়া আন্তর্জাতিক মেলা প্রাঙ্গনে শিল্পদ্যোগীদের সঙ্গে সম্পর্ক স্থাপনে এক কর্মশালা ও প্রদর্শনীর আয়োজন করা হয়। কর্মশালায় প্রধান অতিথির ভাষনে শিল্প ও বানিজ্য অধিকর্তা দীপক কুমার বলেন, রাজ্যের ৮টি জেলাতেই “এক জেলা এক পণ্য” উদ্যোগে বেশ সাফল্য পাচ্ছে।

Weather :

আজ আকাশ আংশিক মেঘাচ্ছন্ন থাকবে। ভোরে হালকা কুয়াশা ছিল। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ২৯ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ ভোরের সর্বনিম্ন তাপমাত্রা ছিল ১৩ দশমিক ৬ ডিগ্রি সেলসিয়াস।
